কুষ্টিয়া সীমান্তে ২৩ লাখ টাকার ভারতীয় মাদক-চোরাই মাল উদ্ধার

কুষ্টিয়া সীমান্তে বিজিবির পৃথক অভিযানে ২৩ লাখ টাকার ভারতীয় মাদকদ্রব্য ও চোরাচালানি মালামাল উদ্ধার করা হয়েছে। বিজিবি জানায়, সুনির্দিষ্ট ও নির্ভরযোগ্য গোয়েন্দা তথ্যের ভিত্তিতে বুধবার (৭ অক্টোবর) রাত ১১টা ৫০ মিনিটের দিকে কাজিপুর বিওপির দায়িত্বপূর্ণ এলাকার কাজিপুর সর্দারপাড়া নামক স্থানে বিজিবির একটি দল অভিযান পরিচালনা করে। এ সময় মালিকবিহীন অবস্থায় ৪৮ পিস ইয়াবা ও একটি মোটরসাইকেল উদ্ধার করে।

একই দিন আনুমানিক সন্ধ্যা ৬টা ৩৫ মিনিটের দিকে জামালপুর বিওপির দায়িত্বপূর্ণ এলাকার মাঠপাড়া নামক স্থানে অভিযান পরিচালনা করে ৫ বোতল মদ ও ১০০০ পিস সিপ্রোহেপ্টাডিন ট্যাবলেট উদ্ধার করা হয়।

পরবর্তীতে বুধবার দিবাগত রাত ২টার দিকে জামালপুর বিওপির পাকুড়িয়া নামক স্থানে অভিযান পরিচালনা করে ৫৭ বোতল স্কাফ সিরাপ এবং বৃহস্পতিবার (৮ অক্টোবর) ভোর সাড়ে চারটার দিকে চল্লিশপাড়া বিওপির দায়িত্বপূর্ণ এলাকার খবির নামক ব্যক্তির জমির নিকট অভিযান পরিচালনা করে ৯৫০ পিস ডেক্সামেথাসন ট্যাবলেট, ১৬৫ টি চকলেট বাজি ও ২৩৫ প্যাকেট বিড়ি উদ্ধার করা হয়। এছাড়াও একই দিন ভোরে কাজিপুর বিওপির রিফুজিপাড়া মাঠ নামক স্থানে অভিযান পরিচালনা করে ১৯ বোতল মদ ও ৫ হাজার পিস সিপ্রোহেপ্টাডিন ট্যাবলেট উদ্ধার করা হয়।

উদ্ধারকৃত মালামালের সর্বমোট আনুমানিক সিজার মূল্য ২৩ লাখ ৫৫ হাজার ২৫০ টাকা।

বিজিবি পক্ষ থেকে এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়, কুষ্টিয়া ব্যাটালিয়ন (৪৭ বিজিবি) সীমান্ত এলাকায় মাদকদ্রব্য ও চোরাচালান প্রতিরোধে সুনির্দিষ্ট ও নির্ভরযোগ্য গোয়েন্দা তথ্যের ভিত্তিতে নিয়মিত অভিযান পরিচালনার পাশাপাশি সীমান্ত নজরদারি ও গোয়েন্দা তৎপরতা জোরদার রয়েছে।

সীমান্ত সুরক্ষা নিশ্চিতকরণ এবং মাদকদ্রব্য ও চোরাচালান প্রতিরোধে কুষ্টিয়া ব্যাটালিয়ন (৪৭ বিজিবি) সর্বদা জিরো

টলারেন্স নীতি অনুসরণ করে আসছে। সীমান্ত সুরক্ষা ও চোরাচালান প্রতিরোধে এ ধরনের অভিযান ও কার্যক্রম ভবিষ্যতেও অব্যাহত থাকবে।